

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর
রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ২২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৫ শ্রাবণ ১৪২৭/২০ জুলাই ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৯.১৪৬—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী কোভিড-১৯ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় গত ২৯ জুন ২০২০ তারিখে ইন্তেকাল করেন (ইম্মালিল্লাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর।

২। মন্ত্রিসভা প্রজাতন্ত্রের কর্মে জনাব মোহসীন চৌধুরীর পেশাদারিত্বমূলক অবদান শ্রদ্ধার সঙ্গে স্মরণ করতঃ তাঁর অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশ, মরহমের রুহের মাগফিরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৯ আষাঢ় ১৪২৭/১৩ জুলাই ২০২০ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম

মন্ত্রিপরিষদ সচিব

(৭৫৭৩)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা : ২৯ আষাঢ় ১৪২৭
১৩ জুলাই ২০২০

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী কোভিড-১৯ করোনোভাইরাসে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় গত ২৯ জুন ২০২০ তারিখে ইন্তেকাল করেন (ইমালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর।

জনাব আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী ১ জানুয়ারি ১৯৬৩ সালে কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলায় জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে মুক্তিকা বিজ্ঞানে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। পরে তিনি ঢাকার নর্দার্ন বিশ্ববিদ্যালয় থেকে গভর্নেন্স স্টাডিজের দ্বিতীয় মাস্টার্স ডিগ্রি অর্জন করেন।

জনাব মোহসীন চৌধুরী বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৫ ব্যাচের সদস্য হিসাবে ১৯৮৮ সালে সরকারি চাকরিতে যোগ দেন। কর্মজীবনের শুরুতে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট এবং সহকারী কমিশনার (ভূমি)-সহ মাঠপ্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে তিনি দায়িত্ব পালন করেন। পরে, সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে কর্মরত ছিলেন জনাব মোহসীন চৌধুরী। তাঁর প্রজ্ঞা, দক্ষতা, যোগ্যতা ও পেশাদারিত্ব চাকুরির সর্বক্ষেত্রেই তাঁকে একজন সফল কর্মকর্তা হিসাবে সুপ্রতিষ্ঠিত করে। তিনি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিভিন্ন পদে নিয়োজিত ছিলেন এবং দায়িত্বশীলতার সঙ্গে কাজ করে গেছেন।

জনাব আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী গত ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে ভারপ্রাপ্ত সচিব নিযুক্ত হন। পরে ২০ জুন ২০১৮ তারিখে তিনি বাংলাদেশ সরকারের সচিব হিসাবে পদোন্নতিপ্রাপ্ত হয়ে ৯ জানুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত উক্ত মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। অতঃপর, তিনি ১২ জানুয়ারি ২০২০ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব হিসাবে দায়িত্বভার গ্রহণ করেন। পরে গত ১৫ জুন ২০২০ তারিখে তিনি সরকারের সিনিয়র সচিব পদে পদোন্নতিপ্রাপ্ত হয়ে মৃত্যুর পূর্বদিন অর্থাৎ ২৮ জুন ২০২০ তারিখ পর্যন্ত উক্ত পদে কর্মরত ছিলেন।

জনাব মোহসীন চৌধুরী প্রায় ৩২ বছর যাবৎ মেধা, দক্ষতা ও বিচক্ষণতার সঙ্গে দায়িত্ব পালনের মধ্য দিয়ে নিজেকে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত রেখেছিলেন। তিনি একজন বিনয়ী ও বিনম্র ব্যক্তি হিসাবে সমধিক পরিচিত ছিলেন। সহকর্মীদের সঙ্গে তাঁর ছিল অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক।

মন্ত্রিসভা প্রজাতন্ত্রের কর্মে জনাব মোহসীন চৌধুরীর পেশাদারিত্বমূলক অবদান শ্রদ্ধার সঙ্গে স্মরণ করতঃ তাঁর অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে। মন্ত্রিসভা মরহমের রুহের মাগফিরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।